# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৭৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১৯. ক্বদরের রাত সম্পর্কে

## باب فِي لَيْلَةِ الْقَدْرِ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، وَمُسَدَّدٌ، ـ الْمَعْنَى ـ قَالاَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ عَاصِمٍ، عَنْ زِرٍّ، قَالَ : قُلْتُ لأُبَىِّ بْنِ كَعْبٍ أَخْبِرْنِي عَنْ لَيْلَةِ الْقَدْرِ، يَا أَبَا الْمُنْذِرِ! فَإِنَّ صَاحِبَنَا سُئِلَ عَنْهَا . فَقَالَ : مَنْ يَقُمِ الْحَوْلَ يُصِبْهَا . فَقَالَ : رَحِمَ اللَّهُ أَبَا عَبْدِ الرَّحْمَنِ، وَاللَّهِ لَقَدْ عَلِمَ أَنَّهَا فِي رَمَضَانَ ـ زَادَ مُسَدَّدٌ وَلَكِنْ كَرِهَ أَنْ يَتَّكِلُوا أَوْ أَحَبَّ أَنْ لاَ يَتَّكِلُوا ثُمَّ اتَّفَقَا ـ وَاللَّهِ إِنَّهَا لَفِي رَمَضَانَ لَيْلَةُ سَبْعٍ وَعِشْرِينَ لاَ يَسْتَثْنِي . قُلْتُ : يَا أَبَا الْمُنْذِرِ! أَنَّى عَلِمْتَ ذَلِكَ قَالَ بِالآيَةِ الَّتِي أَخْبَرَنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم . قُلْتُ لِزِرٍّ مَا الآيَةُ؟ قَالَ تُصْبِحُ الشَّمْسُ صَبِيحَةَ تِلْكَ اللَّيْلَةِ مِثْلَ الطَّسْتِ لَيْسَ لَهَا شُعَاعٌ حَتَّى تَرْتَفِعَ .

ـ حسن صحيح : م

বাংলা

১৩৭৮। যির ইবনু হুবাইশ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি উবাই ইবনু কা’ব (রাঃ)-কে বললাম, হে আবুল মুনযির! আমাকে লাইলাতুল ক্বদর সম্পর্কে বলুন। কেননা আমাদের সাথী (ইবনু মাসউদ)-কে এ বিষয়ে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, ’কেউ সারা বছর ক্বিয়ামুল লাইল করলে সে তা পেয়ে যাবে। এ কথা শুনে উবাই বললেন, আল্লাহ আবূ ’আবদুর রহমানের প্রতি দয়া করুন। আল্লাহর শপথ! তিনি তো জানেন, ক্বদর রাত রমাযান মাসেই রয়েছে।[1]

বর্ণনাকারী মুসাদ্দাদ আরো বলেন, তিনি (ইবনু মাসউদ) এজন্যই তা প্রকাশে অপছন্দ করেছেন, যেন লোকেরা কোন নির্দ্দিষ্ট একটি রাতের উপর নির্ভর না করে। অতঃপর উভয় বর্ণনাকারীর বর্ণনা একই রকম। আল্লাহর শপথ! তা হচ্ছে রমাযানের সাতাশ তারিখ। আমি বললাম, হে আবুল মুনযির! আপনি তা কিভাবে জানলেন? তিনি বললেন, আমাদের নিকট রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বর্ণনাকৃত নিদর্শন দ্বারা। (’আসিম (রহঃ)

বলেন,) আমি যিরকে জিজ্ঞেস করলাম, কি নিদর্শন? তিনি বললেন, ঐ রাতের ভোরের সূর্য উপরে না উঠা পর্যন্ত নিস্প্রভ থাকবে, যেন একটি থালার মত।

হাসান সহীহ : মুসলিম।

## English

Zirr (b. Hubaish) said:
I said to Ubayy b. Ka'b: Tell me about lailat al-qadr, O Abu al-Mundhir, for our companion (Ibn Mas'ud) was questioned about it, and he said: Anyone who gets up for prayer every night all the year round will hit upon it (i.e. lailat al-qadr). He replied: May Allah have mercy on Abu 'Abd al-Rahman. By Allah, he knew that it was in Ramadan, (Musaddad's version goes) but he disliked that the people should content themselves (with that night alone); or he liked that the people should not content themselves (with the night alone). According to the agreed version: By Allah, it is the twenty-seventh night of Ramadan, without any reservation. I said: How did you know that, Abu al-Mundhir? He replied: By the indication (or sign) of which the Messenger of Allah (ﷺ) informed us. I asked Zirr: What is the sign ? He replied: The sun rises like a vessel of water in the morning following that night; it has no rays until it rises high up.

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : সিয়াম, অনুঃ লাইলাতুল ক্বদরের ফাযীলাত), তিরমিযী (অধ্যায় : সওম, অনুঃ লাইলাতুল ক্বদর সম্পর্কে, হাঃ ৭৯৩, ইমাম তিরমিযী বলেন, হাদীসটি হাসান সহীহ), ইবনু খুযাইমাহ (হাঃ ২১৯১)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🞎 বর্ণনাকারীঃ যির ইবন হুবায়শ (রহঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58696

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন